

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর

মহাপরিচালক, বাপাউবো ঐর সভাপতিত্বে অনুষ্ঠিত জরুরি দিক-নির্দেশনা প্রদানমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	ফজলুর রশিদ মহাপরিচালক
সভার তারিখ	২৬ অক্টোবর, ২০২১ খ্রিঃ।
সভার সময়	বিকাল ৪:০০ ঘটিকা।
স্থান	সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৫), বাপাউবো, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

বিগত ২৬ অক্টোবর, ২০২১ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৪:০০ ঘটিকায় মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে পানি ভবনস্থ লেভেল-৫ সম্মেলন কক্ষে ১টি দিক-নির্দেশনা প্রদানমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় সকল প্রধান প্রকৌশলী, পূর্ণকালীন প্রকল্প পরিচালকগণ এবং সদর দপ্তরের বিভিন্ন পরিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয় প্রদত্ত বিবিধ নির্দেশনা, প্রকল্প প্রণয়ন, নকশা প্রণয়ন, বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পমসূহের বাস্তবায়ন ব্যবস্থা পরিবীক্ষণ, টাস্কফোর্সের প্রণীত গাইডলাইন, পরিচালন বাজেটের আওতায় জরুরি কাজ সম্পাদন প্রভৃতি বিষয়ে আলোচনা হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত/নির্দেশনা প্রদান করা হয়ঃ-

ক্রমিক	সিদ্ধান্ত/নির্দেশনা	বাস্তবায়নকারী
১	প্রকল্পের ডিপিপি প্রণয়ন বিষয়ে নিম্নরূপ দিক-নির্দেশনা প্রদান করা হয়ঃ	
	(ক) মন্ত্রিপরিষদ বিভাগ, পরিকল্পনা কমিশন ও পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক স্বতন্ত্র সম্ভাব্যতা সমীক্ষা ছাড়া ৫০ কোটি বা তদুর্ধ্ব প্রাক্কলিত ব্যয় সম্বলিত কোন প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করা যাবেনা বিধায় এ ধরনের প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে সমীক্ষা প্রতিবেদন সংযুক্ত করে ডিপিপি বোর্ডে দাখিল করতে হবে।	(ক) প্রধান প্রকৌশলী (সকল জোন)।

	(খ) ৫০ কোটির নিচে প্রাক্কলিত ব্যয় সম্বলিত FCD/ FCDI/ Irrigation প্রকল্প এবং অপেক্ষাকৃত নতুন technology বা critically sensitive প্রকল্পের ডিপিপি প্রক্রিয়াকরণ করতে হলেও সমীক্ষা প্রতিবেদন সংযোজন করতে হবে।	(খ) প্রধান প্রকৌশলী (সকল জোন)।
	(গ) চলমান কোন প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়নের জন্য কোন সমীক্ষার প্রয়োজন হবেনা। কারিগরি প্রতিবেদনের আলোকে প্রণয়ন করলেই হবে।	(গ) প্রধান প্রকৌশলী (সকল জোন)।
	(ঘ) ডিপিপি প্রণয়নকালে লগ ফ্রেম, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ ও এসডিজি এর লক্ষ্যমাত্রাসমূহের সাথে সামঞ্জস্য রাখতে হবে। আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ প্রভৃতি বাস্তবসম্মত তথ্যের ভিত্তিতে হতে হবে। গাণিতিকভাবে নিরূপিত বিষয়াদির হিসাব সংরক্ষণ করতে হবে।	(ঘ) নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন বিভাগ।
	(ঙ) প্রকল্পের ধরণ অনুযায়ী ডিপিপিতে Environment Monitoring & Management Plan সংযোজন করতে হবে এবং তা মনিটরিং এর জন্য বরাদ্দের সংস্থান রাখতে হবে।	(ঙ) প্রধান প্রকৌশলী (সকল জোন)।
	(চ) দাতা সংস্থার অর্থায়নে গৃহিত বড় প্রকল্পের ক্ষেত্রে ডিপিপিতে Detailed design, Monitoring, Socio-economic condition adaptation, প্রকল্পে জমি অধিগ্রহণ থাকলে Resettlement প্রভৃতি খাতে থোক বরাদ্দ রাখতে হবে।	(চ) প্রধান প্রকৌশলী (সকল জোন)।
	(ছ) মন্ত্রিপরিষদ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সাম্প্রতিক সময়ে জারিকৃত পরিপত্র অনুযায়ী প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে পূর্বের যে কোন সময় অপেক্ষা অধিক পরিমাণে স্বতন্ত্র সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের প্রয়োজন হবে। এমতাবস্থায়, উন্নয়ন বাজেট হতে সমীক্ষা কাজে ব্যয় সাশ্রয়ের স্বার্থে হাইড্রোলজিক্যাল অবস্থান বিবেচনায় নিয়ে ১টি সুনির্দিষ্ট প্রকল্পের জন্য PFS না করে একাধিক জেলা বা ১টি সার্কুলার অধিক্ষেত্র বা ১টি নদী সিস্টেম বিবেচনায় নিয়ে PFS প্রণয়ন করা যেতে পারে।	(ছ) প্রধান প্রকৌশলী (পরিকল্পনা)/ প্রধান প্রকৌশলী (সকল জোন)।
	(জ) ব্যয় সাশ্রয়ের জন্য PFS এর সাথে নকশা প্রণয়নের সংস্থান রাখা যাবে না। তবে মাঠ পর্যায় হতে প্রস্তাবকারী দপ্তর সমীক্ষা সম্পাদনের জন্য যথাসময়ে যথাযথভাবে ডাটা সংগ্রহের লিখিত প্রতিশ্রুতি প্রদান করলে PFS এর Scope of work কমিয়ে Mathematical Modelling এ সীমাবদ্ধ রাখা যেতে পারে।	(জ) প্রধান প্রকৌশলী (পরিকল্পনা)/ প্রধান প্রকৌশলী (সকল জোন)।

	(ঝ) প্রায়শই সমীক্ষা সম্পাদন হতে ডিপির অনুমোদন পর্যন্ত অনেক সময় অতিবাহিত হয়, যার ফলে আজকাল পরিকল্পনা কমিশনে পিইসি সভায় সমীক্ষা হালনাগাদ করার মত সিদ্ধান্ত প্রদান করা হচ্ছে। এ সমস্যা হতে উত্তরণের লক্ষ্যে সমীক্ষা প্রতিবেদনের সুপারিশকৃত কাজসমূহ সময়াবদ্ধ হতে হবে। অর্থাৎ, সমীক্ষা পরবর্তী এক একটি বছর অতিক্রান্ত হবার সাথে সাথে সুপারিশকৃত কাজের কি কি অঞ্চে পরিবর্তন আনতে হবে তা PFS এ সুনির্দিষ্ট করে দিতে হবে। এখন থেকে প্রণীত সকল PFS এর TOR এ এই বিষয়ের প্রতিফলন থাকতে হবে।	(ঝ) প্রধান প্রকৌশলী (পরিকল্পনা)
২	নকশা প্রণয়ন বিষয়ে নিম্নরূপ দিক-নির্দেশনা প্রদান করা হয়ঃ	
	(ক) দ্রুততম সময়ে নকশা প্রণয়নের জন্য মাঠ দপ্তর নির্ধারিত ছকে প্রয়োজনীয় সকল তথ্য সার্ভে করে সংগ্রহ করতঃ পূর্ণাঙ্গ ডিজাইন ডাটা প্রণয়ন করে সংশ্লিষ্ট ডিজাইন সার্কেলে প্রেরণ করবে। মাঠ দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ এ বিষয়ে দায়িত্বশীল ভূমিকা পালন করবেন।	(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন সার্কেল/ বিভাগ।
	(খ) কোন ডিজাইন প্রণয়নের পর প্রতি বর্ষা মৌসুম অতিক্রান্ত হবার পরপরই চলমান কাজের ডিজাইন রিভিউ করে নেয়া উচিত যাতে ডিজাইনটি নদীর মরফোলজিক্যাল পরিবর্তনের সাথে সামঞ্জস্যপূর্ণ থাকে।	(খ) প্রধান প্রকৌশলী (সকল জোন)।
	(গ) বাপাউবো নির্মিত বাঁধ জনহিতকর প্রয়োজনে এলজিইডি কর্তৃক ব্যবহারের জন্য কেন্দ্রীয় পর্যায়ে বাপাউবো'র সাথে এলজিইডির ১ টি MoU রয়েছে। বাপাউবো'র বাঁধ স্বাক্ষরিত কেন্দ্রীয় MoU অনুযায়ী এলজিইডি'র ব্যবহার এবং ব্যবহারকালে বাঁধের ডিজাইন সেকশন যেন অক্ষুন্ন থাকে তা সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী নিশ্চিত করবেন।	(গ) নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন বিভাগ।
	(ঘ) এলজিইডি ব্যবহৃত বাপাউবো'র বাঁধের মেরামত/ পুনরাকৃতিকরণ/ পুনর্বাসনের পূর্বে স্বাক্ষরিত কেন্দ্রীয় MoU অনুযায়ী স্থানীয় এলজিইডি'র সাথে আলোচনাক্রমে ডিজাইন প্রণয়ন সংক্রান্ত ইনপুট প্রদান করতে হবে।	(ঘ) নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন বিভাগ।
৩	বাস্তবায়নধর্মী কাজের গুনগতমান ও পরিমাণ নির্ধারণ এবং বাস্তবায়নাধীন প্রকল্পের পরিবীক্ষণ বিষয়ে নিম্নরূপ দিক-নির্দেশনা প্রদান করা হয়ঃ	

	(ক) বাপাউবো হতে যে সকল প্রতিবেদন মন্ত্রণালয়, আইএমইডি, পরিকল্পনা কমিশন, প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ প্রভৃতি উর্দ্ধতন কার্যালয়ে প্রেরণ করা হয়, তার সিংহভাগই মাঠ দপ্তর হতে সংগৃহীত তথ্যের সন্নিবেশিত রূপ। এমতাবস্থায়, প্রেরিতব্য প্রতিবেদন বা তথ্যের যথার্থতা নিশ্চিতকরণের স্বার্থে মাঠ দপ্তর হতে সদর দপ্তরে তথ্য প্রেরণের পূর্বে জোনাল অফিস হতে তা রিভিউ করে দেয়া উচিত। এতদবিষয়ে প্রত্যেক জোনের প্রধান প্রকৌশলী সংশ্লিষ্ট জোনাল অফিসে উপযুক্ত পদমর্যাদা সম্পন্ন ১ জন কর্মকর্তাকে এ দায়িত্বভার অর্পণ করতে পারেন।	(ক) প্রধান প্রকৌশলী (সকল জোন)।
	(খ) অতি সম্প্রতি “বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড টাস্কফোর্সের গাইডলাইন ২০২১” পানি সম্পদ মন্ত্রণালয় হতে জারি করা হয়েছে। গাইডলাইন মোতাবেক কাজের ধরণ অনুযায়ী বাস্তবায়নধীন কাজের গুণগত মান ও পরিমাণ যাচাই মাঠ দপ্তর নিজ দায়িত্বে সম্পাদন করাবে।	(খ) নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন বিভাগ।
৪	পরিচালন বাজেটের আওতায় জরুরি কাজ সম্পাদন বিষয়ে নিম্নরূপ দিক-নির্দেশনা প্রদান করা হয়ঃ	
	(ক) বাপাউবো’র পরিচালন বাজেটের ৩০% জরুরি কাজের ব্যয় নির্বাহের সংস্থান থাকলেও ২০২১ সালের বন্ধ্যা মৌসুমে ইতোমধ্যে তার দ্বিগুণ প্রাক্কলিত ব্যয়ের কাজ গৃহীত হয়েছে। জরুরি কাজ সম্পাদনের ক্ষেত্রে বাপাউবো’র প্রকল্পভুক্ত এলাকায় উদ্ভূত দুর্যোগ পরিস্থিতি মোকাবেলায় কার্যক্রম গ্রহণ প্রাধান্য পাবে। জরুরি কাজের সামগ্রিক পরিমাণ মোট পরিচালন বাজেটের ৩০% সিলিং এর মধ্যে নামিয়ে আনার বিষয়ে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীদের অধিক যত্নবান ও দায়িত্বশীল হতে হবে। একই সাথে সাইট সরেজমিনে ভিজিট করে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করতে হবে। জরুরি কাজের সাইট randomly পরিদর্শন করে গুণগত মান ও স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।	(ক) প্রধান প্রকৌশলী (সকল জোন)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন সার্কেল।
	(খ) জরুরি কাজের ব্যয় সংকোচন করার স্বার্থে যথেষ্টভাবে জিওব্যাগ ব্যবহার করার বিষয়ে নিরুৎসাহিত করা হচ্ছে।	(খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন সার্কেল/ বিভাগ।
	(গ) কোন জায়গায় জরুরি কাজ সম্পাদনের ক্ষেত্রে পরবর্তী বছর যেন ঐ স্থানে আবার কাজ করার প্রয়োজন না হয় সেরকম Safety factor বিবেচনায় নিয়ে কাজ বাস্তবায়ন করা উচিত।	(গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন সার্কেল/ বিভাগ।
	(ঘ) জরুরি কাজের প্রাক্কলন অনুযায়ী স্পেসিফাইড নির্মাণ উপকরণ ব্যবহার এবং এর গুণগত মান নিশ্চিত করতে হবে।	(ঘ) নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন বিভাগ।

	(ঙ) নির্দিষ্ট কয়েকজন ঠিকাদার দ্বারা কোন দপ্তরের সিংহভাগ জরুরি কাজ সম্পাদন করা যাবে না। যথাযথ মান নিশ্চিত করে যথাসময়ে কাজ সম্পাদনের জন্য এক জন ঠিকাদারের অনুকূলে তার সক্ষমতা মোতাবেক পরিমিত সংখ্যক কাজ দেয়া যেতে পারে।	(ঙ) নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন বিভাগ।
	(চ) জরুরি কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং কাজ সমাপ্ত হবার পর সংশ্লিষ্ট এসেসমেন্ট কমিটিকে অবহিত করতে হবে। কমিটি দ্রুততম সময়ের মধ্যে সরিজমিনে ভিজিট করে এসেসমেন্ট রিপোর্ট বোর্ডে দাখিল করবেন।	(চ) সদস্য, এসেসমেন্ট কমিটি (সকল)/ নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন বিভাগ।
	(ছ) জরুরি কাজ বাস্তবায়নের পূর্বে, কাজ চলাকালীন এবং কাজ সমাপ্ত হবার পর- এই তিন পর্যায়ে কাজের স্থির ও ভিডিও চিত্রসহ কাজের ডাটাবেইজ জোন পর্যায়ে সংরক্ষণ করতে হবে। কোন প্যাকেজের কাজ স্থানীয়, বোর্ড বা মন্ত্রণালয়ের কমিটির কোন সদস্য কত তারিখে সরিজমিনে পরিদর্শন করেছেন তাও সংরক্ষণ করতে হবে।	(ছ) প্রধান প্রকৌশলী (সকল জোন)।
	(জ) চলতি ২০২১-২২ অর্থ-বছরে সম্পাদিত সকল জরুরি কাজের প্রশাসনিক অনুমোদন আদেশ (এপেনডিক্স-২) যথাদ্রুত পওর পরিদপ্তরে দাখিল সম্পন্ন করতে হবে।	(জ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন সার্কেল/ বিভাগ।
	(ঝ) প্রশাসনিক অনুমোদন আদেশ ছাড়া কোন জরুরি কাজ মন্ত্রণালয়ের পরিবীক্ষণ কমিটির (পাসম, অর্থ বিভাগ ও আইএমইডি প্রতিনিধি সমন্বয়ে গঠিত) নিকট উপস্থাপন করা যাবেনা। মন্ত্রণালয়ের পরিবীক্ষণ কমিটির সুপারিশ ছাড়া কোন কাজের অর্থছাড় করা যাবে না।	(ঝ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর।
	(ঞ) মন্ত্রণালয়ের পরিবীক্ষণ কমিটি সম্পাদিত কাজ সরিজমিনে পরিদর্শন করে কোন কাজের অস্তিত্ব না পেলে তাদের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী ব্যবস্থা গৃহীত হবে।	(ঞ) নির্বাহী প্রকৌশলী, সকল পওর/ পানি উন্নয়ন বিভাগ।
৫	বিবিধ বিষয়ে সভাপতি নিম্নরূপ দিক-নির্দেশনা প্রদান করেনঃ	
	(ক) মহাপরিচালকের সাথে দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে Chain of Command অনুসরণ করতে হবে।	(ক) সকল কর্মকর্তা।
	(খ) দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে অধিকতর সতর্ক হতে হবে। একই ঠিকাদারের বাপাউবো'র সকল দপ্তরের ক্ষেত্রে একটি নির্দিষ্ট সময়ে একই Tender capacity থাকা সমীচীন বিবেচনায় নিয়ে দরপত্র মূল্যায়ন করা উচিত। কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল পিপিআর-২০০৮ এর ধারাসমূহের আলোকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারে।	(খ) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা।

(গ) বাপাউবো সম্পাদিত প্রকল্পসমূহে সম্পাদিত কাজের প্রত্যাশ এবং পরোক্ষ অনেক উপযোগিতা রয়েছে, যা প্রকল্পের অর্থনৈতিক মূল্যায়নে কখনো আর্থিক মানদণ্ডে রূপান্তর করা হয়নি। যেমন- বাস্তবায়িত প্রকল্পের উপর পরিবেশ, প্রতিবেশ, জনস্বাস্থ্যের প্রভাব প্রভৃতি। এ সকল Intangible ক্ষেত্রসমূহকে কিভাবে আর্থিক মানদণ্ডে রূপান্তর করা যেতে পারে সে বিষয়ে প্রত্যেক জোনের প্রধান প্রকৌশলী বোর্ডে প্রস্তাব প্রেরন করবেন।	(গ) প্রধান প্রকৌশলী (সকল জোন)।
--	---------------------------------------

০৪। আগামীতে নিয়মিতভাবে বোর্ড পর্যায়ে এডিপি পর্যালোচনা সভা ও সমন্বয় সভা আয়োজনের বিষয়ে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ফজলুর রশিদ
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০১২.৪১.০০১.১৭.৮৩

তারিখ: ২৩ কার্তিক ১৪২৮

০৮ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ২) অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), অর্থ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), পূর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৪) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৫) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৬) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৭) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৮) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৯) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তরাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল, বাপাউবো, ঢাকা/ কুমিল্লা/ সিলেট/ চট্টগ্রাম/ রংপুর/ রাজশাহী/ ফরিদপুর/ খুলনা/ বরিশাল।
- ১০) প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ১১) প্রধান/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পওর/ রিভার ম্যানেজমেন্ট/ ড্যাম এন্ড ব্যারেজ/ আইসিজেড ও ক্লাইমেট চেঞ্জ/ গ্যাঙ্গেস ব্যারেজ সমীক্ষা প্রকল্প/ যান্ত্রিক সরঞ্জাম/ নারায়ণগঞ্জ ডেজার্স/ খুলনা ডেজার্স, বাপাউবো, ঢাকা/ নারায়ণগঞ্জ/ খুলনা।
- ১২) প্রকল্প পরিচালক, CEIP-1/ BWCSR-SEHS/ FRERMIP/ IMIP-MIP/ SWAIWRPMP-AF/ HFMLIP/ CDSP-AF/ ডেজার্স ক্রয়/ সীমান্ত নদী-২/ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)/ জলযান ক্রয়, বাপাউবো, ঢাকা।
- ১৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কার্যক্রম পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

- ১৪) পরিচালক, পণ্ডর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ১৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পূর), প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ১৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পূর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ১৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পূর), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পূর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ১৮) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ১৯) পরিচালক, অর্থ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ২০) পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ২১) সচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ২২) পরিচালক, প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ২৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- কার্যবিবরণীটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।



মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর) (অতিরিক্ত
দায়িত্ব)